# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়, কৃষি ব্যাংক ভবন
৮৩-৮৫ মতিঝিল বানিজ্যিক এলাকা,ঢাকা-১০০০।

## ঋণ আদায় মহাবিভাগ

www.krishibank.org.bd, gmrecovery@krishibank.org.bd

মুজিববর্ষের প্রতিশ্রুতি আর্থিক খাতের অগ্রগতি

নং-প্রকা/আদায়-৮(৫৯)/২০২০-২০২১/২৪৩৫ তারিখঃ ২৮/০৩/২০২১ খ্রিঃ

ই-মেইলযোগে

মহাব্যবস্থাপক
সকল বিভাগীয় কার্যালয়/স্থানীয় মুখ্য কার্যালয়
উপ-মহাব্যবস্থাপক
সকল কর্পোরেট শাখা
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

**বিষয়ঃ আগামী ১৩ এপ্রিল ২০২১ খ্রিঃ রোজ মঙ্গলবার সকল শাখায় একযোগে মুজিব বর্ষে " শুভ হালখাতা " অনুষ্ঠান আয়োজন প্রসঙ্গে।**

**প্রিয় মহোদয়,**

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশতবার্ষিকীতে সর্বোচ্চ সেবার মনোভাব নিয়ে বিশেষ গুরুত্ব সহকারে ব্যাংকিং সেবা প্রদানের অংশ হিসেবে আগামী ১৩ এপ্রিল ২০২১ খ্রিঃ রোজ মঙ্গলবার সকল শাখায় একযোগে মুজিব বর্ষে " **শুভ হালখাতা** " অনুষ্ঠান আয়োজনের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে।

০২। ২০২০-২০২১ অর্থ বছরের ২৫-০৩-২০২১ ইং পর্যন্ত ৩৮ তম সপ্তাহ শেষে বার্ষিক মোট ঋণ আদায় লক্ষ্যমাত্রা ৯১৮৯.৩৬ কোটি টাকার বিপরীতে অর্জনের পরিমাণ ৬১৪৯.৩ কোটি টাকা, অর্জনের হার ৬৭ %, আনুপাতিক লক্ষ্যমাত্রা ৬৭১৫.৩০ কোটি টাকার তুলনায় ৫৬৫.৯৯ কোটি টাকা কম। ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা ১৫০০০.০০ কোটি টাকার বিপরীতে অর্জনের পরিমাণ ৮৭৮৮.১ কোটি টাকা, অর্জনের হার ৫৯%, আনুপাতিক লক্ষ্যমাত্রা ১০৯৬১.০০ কোটি টাকার তুলনায় ২১৭২.৮৬ কোটি টাকা কম। আমানত সংগ্রহের লক্ষ্যমাত্রা ৭৪২৯.০১ কোটি টাকার বিপরীতে অর্জনের পরিমাণ ৩৩৬৪.০৮ কোটি টাকা, অর্জনের হার ৪৫%, আনুপাতিক লক্ষ্যমাত্রা ৫৪২৮.৮৯ কোটি টাকার তুলনায় ২০৬৪.৮১ কোটি টাকা কম। **ঋণ আদায় ও বিতরণ এবং আমানত সংগ্রহের উল্লেখিত ঘাটতি পূরণসহ সকল ক্ষেত্রে আনুপাতিক লক্ষ্যমাত্রার শতভাগ অর্জন নিশ্চিত করতে হবে।**

০৩। ১৩ এপ্রিল, ২০২১ খ্রিঃ তারিখে " শুভ হালখাতা " উপলক্ষে স্থানীয় মুখ্য কার্যালয় এবং বিভাগসমূহের মধ্যে ঋণ আদায় ও বিতরণ এবং আমানত সংগ্রহের লক্ষ্যমাত্রা নিধারণ করে দেয়া হলো (সংযুক্তি-ক)। বিভাগীয় মহাব্যবস্থাপকগণ প্রাপ্ত লক্ষ্যমাত্রা সমূহ তাদের আওতাধীন কর্পোরেট শাখা/মুখ্য অঞ্চল/অঞ্চলের মধ্যে প্রযোজ্যতা অনুযায়ী বন্টন করে দিবেন এবং বন্টনের একটি অনুলিপি ঋণ আদায় বিভাগে প্রেরন নিশ্চিত করবেন। অনুরূপভাবে মুখ্য অঞ্চল/ অঞ্চল প্রধানগণ তাঁদের আওতাধীন শাখাসমুহের মধ্যে আনুপাতিক হারে লক্ষ্যমাত্রা নির্ধারণ করে দিবেন।

**০৪। একযোগে সকল শাখায় " শুভ হালখাতা " অনুষ্ঠান সফলভাবে আয়োজনের মাধ্যমে নির্ধারিত লক্ষ্যমাত্রার শতভাগ অর্জন নিশ্চিত করার জন্য মাঠ কার্যালয়সমূহ কে বর্ণিত কার্যাদি সম্পাদনের জন্য নির্দেশ প্রদান করা হলোঃ-**

(ক) ঋণ আদায় ঃ

(১) **ঋণগ্রহীতাগণের সাথে ব্যক্তিগত যোগাযোগঃ** ঋণ গ্রহীতাগণের সাথে নিবিড় যোগাযোগের মাধ্যমে শ্রেণীকৃত, শ্রেণীযোগ্য, পুনঃতফসিলিকৃত ও বিআরপিডি ০৫/২০১৯ এর আওতায় মওকুফ সুবিধা প্রাপ্ত ঋণ আদায় ত্বরান্বিত করার লক্ষ্যে আগামী ১৩ এপ্রিল, ২০২১ খ্রিঃ তারিখে " **শুভ হালখাতা** " অনুষ্ঠানে উপস্থিত হওয়ার জন্য আমন্ত্রণ জানাতে হবে এবং শাখাকে মুজিববর্ষের লোগো সম্বলিত ড্যাংলার, রঙ্গিন পোস্টার ও ফুল দিয়ে সাজিয়ে উৎসব মুখর পরিবেশ সৃষ্টি করতে হবে,

(২) " **শুভ হালখাতা** " অনুষ্ঠান সফল করার লক্ষ্যে সকল শ্রেণীকৃত, শ্রেণীযোগ্য, পুনঃতফসিলিকৃত ও বিআরপিডি ০৫/২০১৯ এর আওতায় মওকুফ সুবিধা প্রাপ্ত ঋণ গ্রহীতাগণের নিকট নোটিশ পৌছানো নিশ্চিত করতে হবে;

(৩) স্থানীয়ভাবে ডিস/ক্যাবল অপারেটরদের মাধ্যমে এতদ্‌সংক্রান্ত প্রচারনা চালাতে হবে ;

(৪) স্থানীয় মুখ্য কার্যালয়/কর্পোরেট শাখা/শাখার আয় বৃদ্ধির লক্ষ্যে অবলোপনকৃত ঋণ আদায় এবং ৫২-স্থগিত সুদ হিসাব হতে আয় খাতে স্থানান্তরের নির্ধারিত বার্ষিক লক্ষ্যমাত্রার আনুপাতিক অর্জন নিশ্চিত করতে হবে;

(৫) মোকদ্দমা সংশ্লিষ্ট খাতকদের সাথে আদালতের বাইরে ব্যক্তিগত নিবিড় যোগাযোগ করে আপোষরফা/সমঝোতার মাধ্যমে উল্লেখযোগ্য সংখ্যক মোকদ্দমা নিস্পত্তির কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে;

(৬) শীর্ষ খেলাপী ঋণ গ্রহীতাদের সাথে দ্বি-পাক্ষিক সভা আয়োজনের মাধ্যমে তাদের নিকট হতে শ্রেণীকৃত ঋণ আদায় বৃদ্ধিকরণে কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে।

(খ) ব্যাংকের বিনিয়োগ কার্যক্রমসহ সার্বিক আর্থিক কর্মকান্ডের স্বাভাবিক গতিধারা অব্যাহত রাখার স্বার্থে লো-কস্ট ডিপোজিট (এসএনডি ও সঞ্চয়ী আমানত) এবং সুদবিহীন চলতি আমানত সংগ্রহের উপর বিশেষ গুরুত্ব আরোপসহ বর্তমান অর্থবছরের বার্ষিক আমানত সংগ্রহ লক্ষ্যমাত্রার আনুপাতিক অর্জন নিশ্চিত করতে হবে।

(গ) কৃষির প্রধান খাত (Core Sectors) যথা- শস্য, মৎস্য, প্রাণি সম্পদসহ চলতি মূলধন ঋণ ও অন্যান্য সকল খাতে গুনগত মান সম্পন্ন ঋণ বিতরণ করে মোট ঋণ বিতরণ লক্ষ্যমাত্রার আনুপাতিক অর্জন নিশ্চিত করতে হবে এবং নবায়নযোগ্য সকল নগদ/চলতি মূলধন ঋণ হিসাব নবায়নের কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে।

চলমান পাতা-০২

(ঘ) " শুভ হালখাতা " অনুষ্ঠানে স্থানীয় প্রশাসনকে উপস্থিত থাকার আমন্ত্রণ জানাতে হবে এবং সর্ব ক্ষেত্রে কোভিড-১৯ এর আওতায় প্রদত্ত স্বাস্থ্যবিধি আবশ্যকীয় ভাবে পালন নিশ্চিত করতে হবে। অনুষ্টান স্থলে এবং শাখা ভবনে সম্মানিত গ্রাহকদের কোন ক্রমেই জড়ো করে রাখা যাবেনা। আমানত হিসাব খোলা, ঋণ বিতরণ এবং আদায়ে আগত গ্রাহকগণকে যতদ্রুত সম্ভব সেবা প্রদান নিশ্চিত করতে হবে।

(ঙ) প্রতিটি শাখায় দর্শনীয় স্থানে উপরোক্ত " শুভ হালখাতা " অনুষ্ঠান আয়োজন সম্বলিত ৬ ফুট x ২$^{১}/_{২}$ ফুট মাপের ব্যানার টানাতে হবে। ব্যানার এবং হাল খাতার নোটিশ স্থানীয় মুখ্য কার্যালয় এবং কর্পোরেট শাখা সমুহ নিজ উদ্যেগে তৈরী/মুদ্রণ এবং শাখা সমুহের ব্যানার ও নোটিশ মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয় কর্তৃক সরবরাহ করতে হবে। হাল খাতার জন্য প্রযোজ্য নোটিশ সমুহ ০৮.০৪.২০২১ ইং তারিখের মধ্যে প্রেরন নিশ্চিত করতে হবে।

(চ) এ কর্মসূচিকে সাফল্যমন্ডিত করার লক্ষ্যে ঢোল সহরত, লিফলেট ও মাইকিং এর মাধ্যমে ব্যাপক প্রচার-প্রচারণা চালাতে হবে;

(ছ) জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্ম শতবার্ষিকি উপলক্ষে ব্যাংকের চলমান " সেবা মাস" উপলক্ষে প্রদত্ত নির্দেশনা যথাযথ ভাবে পরিপালন নিশ্চিত করতে হবে।

০৫। সকল বিভাগীয় কার্যালয়/স্থানীয় মুখ্য কার্যালয় ১৩-০৪-২০২১ তারিখ অনুষ্ঠিতব্য " শুভ হালখাতা " অনুষ্ঠানে ঋণ আদায় ও বিতরণ এবং আমানত সংগ্রহের অঞ্চলওয়ারী সংকলিত বিবরণী সংযুক্ত ( ছক-খ) ছকে ১৩-০৪-২০২১ তারিখ সন্ধ্যা ৬.০০ ঘটিকার মধ্যে ঋণ আদায় বিভাগে ই-মেইলযোগে প্রেরন নিশ্চিত করতে হবে।

০৬। উপরোক্ত ১৩ এপ্রিল, ২০২১ খ্রিঃ তারিখে " শুভ হালখাতা " অনুষ্ঠান সফল বাস্তবায়নের লক্ষ্যে বিভাগীয় কার্যালয়ে কর্মরত জনশক্তি বিভাগীয় মহাব্যবস্থাপকগণ বিভাগাধীন সবচেয়ে পিছিয়ে পড়া অথচ সম্ভাবনাময় মুখ্য অঞ্চল/অঞ্চল/কর্পোরেট শাখায় নিয়োজিত করবেন। একই ভাবে মুখ্য অঞ্চল/অঞ্চল প্রধানগণ নিজ কার্যালয়ের কর্মকর্তাসহ বিভাগীয় কার্যালয় হতে প্রেরিত কর্মকর্তাদেরকে মুখ্য অঞ্চল/অঞ্চলাধীন সবচেয়ে পিছিয়ে পড়া অথচ সম্ভাবনাময় শাখায় নিয়োজিত করে তাদের শ্রম, মেধা ও অভিজ্ঞতাকে ব্যাংক/শাখার স্বার্থে কাজে লাগানোর সার্বিক ব্যবস্থা গ্রহণ করবেন।

০৭। উল্লেখ্য, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়সহ প্রধান কার্যালয়ের উর্ধতন নির্বাহীগণ উপরোক্ত " শুভ হালখাতা " অনুষ্ঠানে উপস্থিত থেকে মাঠ কার্যালয়সমূহ কর্তৃক গৃহীত কার্যক্রম ও ফলাফল পর্যবেক্ষণ এবং মূল্যায়ণ করবেন।

০৮। উপরোক্ত নির্দেশনাসমুহ যথাযথভাবে অনুসরণ ও পরিপালনপূর্বক অধিক পরিমাণে অবলোপনকৃত ঋণ, ৫২-স্থগিত সুদযুক্ত শ্রেণীকৃত ঋণ (CL), পুনঃতফসিলিকৃত ঋণ, অনাদায়ী শ্রেণীযোগ্য ঋণ-২ (WCL-2) এবং বিআরপিডি ০৫/২০১৯ এর আওতায় মওকুফ সুবিধা প্রাপ্ত ঋণ সুদসহ সম্পূর্ণ আদায়ের বিষয়টি সর্বোচ্চ অগ্রাধিকার দিয়ে ১৩ এপ্রিল, ২০২১ খ্রিঃ তারিখের " শুভ হালখাতা " অনুষ্ঠান ' সফল বাস্তবায়নে কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

আপনার বিশ্বস্ত

অনুমোদনক্রমে-

২৮/০৩/২১

(মোঃ আজিজুল বারী)
মহাব্যবস্থাপক
ঋণ আদায় বিভাগ(অতিরিক্ত দায়িত্বে)

নং-প্রকা/আদায়-৮(৫৯)/২০২০-২০২১/ ১৪৩৫

তারিখ ঃ ২৮/০৩/২১ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি ঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা,ঢাকা।

০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা,ঢাকা।

০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর,বিকেবি,প্রকা/অধ্যক্ষ, বিকেবি,স্টাফ কলেজ,মিরপুর, ঢাকা।

০৪। সচিব,পর্ষদ সচিবালয়/ সকল উপ-মহাব্যবস্থাপক/বিভাগীয় প্রধান/সকল প্রমোটর, বিকেবি, প্রকা, ঢাকা। অত্র পরিপত্রটি ব্যাংকের ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপ-মহাব্যবস্থাপক, তথ্য প্রযুক্তি (সিস্টেমস) বিভাগকে অনুরোধ করা হলো।

০৫। উপ-মহাব্যবস্থাপক, বাজেট ও ব্যয় নিয়ন্ত্রণ বিভাগকে ব্যাংক ব্যবস্থাপনা কর্তৃপক্ষের অনুমোদন অনুযায়ী "শুভ হালখাতা" অনুষ্ঠান সফল বাস্তবায়নের লক্ষ্যে শাখা প্রতি ব্যয় বাবদ গড়ে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা করে বিভাগীয় কার্যালয়/ মুখ্য আঞ্চলিক /আঞ্চলিক কার্যালয়ের অনুকূলে বরাদ্ধ প্রদান করার জন্য অনুরোধ করা হলো। বিভাগীয় কার্যালয়/মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয় শাখা সমুহের সম্ভাব্যতা বিবেচনা করে বরাদ্ধ পুণঃবন্টন করতে পারবেন।

০৬। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, সকল বিভাগীয় নিরীক্ষা কার্যালয়,বিকেবি।

০৭। কর্পোরেট শাখা/অঞ্চল/শাখাসমূহের সার্বিক কার্যক্রম মনিটরিং এর দায়িত্বে নিয়োজিত সকল প্রমোটারবৃন্দ, বিকেবি, প্রকা, ঢাকা।

০৮। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা,সকল আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়,বিকেবি।

০৯। নথি/মহানথি।

২৮/০৩/২১

(মোহাম্মদ আজিজুর রহমান ফকির)
উপ-মহাব্যবস্থাপক

পরিশিষ্ট-০১

# বাংলাদেশ কৃষি ব্যাংক
## প্রধান কার্যালয়, ঢাকা।
## ঋণ আদায় বিভাগ।

**বিষয়ঃ ১৩-০৪-২০২১ খিঃ তারিখে অনুষ্ঠিতব্য "শুভ হালখাতা" অনুষ্ঠানের বিভিন্ন খাতের লক্ষ্যমাত্রা ।**

(কোটি টাকায়)

| ক্রঃ নং | বিভাগের নাম | আমানত সংগ্রহ | ঋণ বিতরণ | ঋণ আদায় | | | সর্বমোট ঋণ আদায়ের লক্ষ্যমাত্রা | ৫২-স্থগিত সুদের লক্ষ্যমাত্রা | অবলোপনকৃত ঋণের লক্ষ্যমাত্রা | বিআরপিডি-০৫ এর আওতায় মওকুফকৃত আনটাচড হিসাব থেকে আদায়(সংখ্যায়) |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | শ্রেণীকৃত ঋণ | শ্রেণীযোগ্য-১ ঋণের অনাদায়ী অংশ | শ্রেণীযোগ্য-২ ঋণ | | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৯ | ১০ | ১১ | ১২ |
| ১ | ঢাকা | ২৫০.০০ | ৪৫০.০০ | ৩০০.০০ | ৩৪.০০ | ১৮০.০০ | ৫১৪.০০ | ৫০.০০ | ৮.৫০ | ১৮০ |
| ২ | ময়মনসিংহ | ২৮০.০০ | ৮০.০০ | ১০০.০০ | ১২.০০ | ৫৫.০০ | ১৬৭.০০ | ৩০.০০ | ২.০০ | ২০০ |
| ৩ | চট্টগ্রাম | ৭১০.০০ | ২৭০.০০ | ১১০.০০ | ৮.০০ | ১০০.০০ | ২১৮.০০ | ২০.০০ | ৪.০০ | ১০০ |
| ৪ | কুমিল্লা | ১৩০.০০ | ২৭০.০০ | ৪৫.০০ | ৩২.০০ | ৬৫.০০ | ১৪২.০০ | ২৫.০০ | ২.০০ | ১৫০ |
| ৫ | সিলেট | ১৭০.০০ | ১৬০.০০ | ১৫.০০ | ২.০০ | ৫.০০ | ২২.০০ | ১০.০০ | ১.০০ | ১০০ |
| ৬ | খুলনা | ৩০০.০০ | ৩৬০.০০ | ৫০.০০ | ১০.০০ | ৪০.০০ | ১০০.০০ | ১৫.০০ | ৬.০০ | ৫০ |
| ৭ | কুষ্টিয়া | ১৪০.০০ | ৩৬০.০০ | ৩০.০০ | ০.০০ | ৫০.০০ | ৮০.০০ | ১০.০০ | ০.২০ | ৭০ |
| ৮ | বরিশাল | ২৫০.০০ | ১৬০.০০ | ২০.০০ | ৩৫.০০ | ৫.০০ | ৬০.০০ | ১২.০০ | ০.৩০ | ৮০ |
| ৯ | ফরিদপুর | ২০০.০০ | ২৮০.০০ | ১০.০০ | ০.০০ | ১০.০০ | ২০.০০ | ৮.০০ | ০.৫০ | ৪০ |
| ১০ | এলপিও | ২০.০০ | ৫৭০.০০ | ২০.০০ | ০.০০ | ১০০.০০ | ১২০.০০ | ৬০.০০ | ০.৫০ | ১০ |
| | সর্বমোট ঃ | ২৪৫০.০০ | ২৯৬০.০০ | ৭০০.০০ | ১৩৩.০০ | ৬১০.০০ | ১৪৪৩.০০ | ২৪০.০০ | ২৫.০০ | ৯৮০ |

২৮।০৩।২০২১
(মোঃ মাহমুদুল হাসান ভুঁইয়া )
মুখ্য কর্মকর্তা

২৮।০৩।২২ ইং
(মোহাম্মদ আজিজুর রহমান ফকির)
উপ-মহাব্যবস্থাপক

বাংলাদেশ কৃষি ব্যাংক

ঋণ আদায় বিভাগ, প্রধান কার্যালয়, ঢাকা।

পরিশিষ্ট-"২"

বিষয়ঃ ১৩ এপ্রিল ২০২১ তারিখে অনুষ্ঠিত " শুভ হালখাতা " অনুষ্ঠানের আমানত সংগ্রহ, ঋণ বিতরণ এবং ঋণ আদায় সংক্রান্ত তথ্যাদি প্রেরণ প্রসঙ্গে।

ছক-ক

(কোটি টাকায়)

| ক্রঃ নং | বিভাগের নাম | ঋণ আদায় | | | | | | | | | | | | | | | সর্বমোট ঋণ আদায় | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | শ্রেণীকৃত ঋণ | | | | | শ্রেণীযোগ্য-১ ঋণের অনাদায়ী অংশ | | | | | শ্রেণীযোগ্য-২ ঋণ | | | | | | | | | | |
| | | লক্ষ্যমাত্রা | নগদ | সমন্বয় | মোট | হার | লক্ষ্যমাত্রা | নগদ | সমন্বয় | মোট | হার | লক্ষ্যমাত্রা | নগদ | সমন্বয় | মোট | হার | উপস্থিত গ্রাহক সংখ্যা | লক্ষ্যমাত্রা | নগদ | সমন্বয় | মোট | হার |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ | ১৭ | ১৮ | ১৯ | ২০ | ২১ | ২২ | ২৩ |
| ১ | | | | | | | | | | | | | | | | | | | | | | |

ছক-খ

| ক্রঃ নং | বিভাগের নাম | আমানত সংগ্রহ | | | ঋণ বিতরণ | | | ৫২- স্থগিত সুদ আদায় | | | অবলোপনকৃত ঋণ আদায় | | | বিআরপিডি-০৫ এর আওতায় মওকুফকৃত আনটাচড হিসাব থেকে আদায়(সংখ্যায়) | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | লক্ষ্যমাত্রা | অর্জন | হার | লক্ষ্যমাত্রা | অর্জন | হার | লক্ষ্যমাত্রা | অর্জন | হার | লক্ষ্যমাত্রা | অর্জন | হার | লক্ষ্যমাত্রা | অর্জন | হার | আদায়ের পরিমাণ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ | ১৭ | ১৮ |
| ১ | | | | | | | | | | | | | | | | | |